




# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৯১০৩১৩২১/৬৭/২ /বান্দরবান-০৭

তারিখ: ২৬ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ  
১১ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

## বিষয়: কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং বামাশিবো/প্রশা/৩৩৩১৯১০৩১৩২১/৭১৭৮/বান্দরবান-০৭; তারিখ: ০৯/১২/২০১৯ খ্রি.  
(২) উপজেলা নির্বাহী অফিসার, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান এর স্মারক নং-০৫.৪২০৩৭৩.১০১.০৪.০১০.২০২১-৩২৮; তারিখ: ১৮.০৭.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলাধীন মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট আলিম মাদ্রাসার প্রতিষ্ঠাতা জনাব ওবাইদুল হাকিম অধ্যক্ষ মো: সৈয়দ হোসাইনের বিরুদ্ধে একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার নাইক্ষ্যংছড়ি, বান্দরবানকে সূত্রোক্ত ০১ স্মারকে পত্র দেওয়া হলে উপজেলা নির্বাহী অফিসার সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ০২ নং স্মারকে পত্র প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযুক্ত অধ্যক্ষ মাওলানা মোহাম্মদ সৈয়দ হোসাইন মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট আলিম মাদ্রাসা নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা মহোদয়ের স্বাক্ষর, স্মারক ও পত্র জালিয়াতি করে মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে অনুমোদন নিয়েছেন। অধ্যক্ষের বিরুদ্ধে কোন কার্যক্রম পদক্ষেপ গ্রহণ না করলে তিনি ভবিষ্যতে অনুরূপ কার্যক্রম করতে সাহস করবে এবং প্রতিষ্ঠানে আরো অপ্ৰীতিকর ঘটনা ঘটানোর সম্ভাবনা রয়েছে। অধ্যক্ষ মাওলানা মোহাম্মদ সৈয়দ হোসাইন মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট আলিম মাদ্রাসা, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা ক্ষমতা অপব্যবহারকারী, জালিয়াতকারী, অর্থ আত্মসাৎকারী, চরিত্রহীন ও নারীকে লেঙ্কারী, প্রতারণাকারী এবং স্বীন শিক্ষা প্রতিষ্ঠানের সুনাম ক্ষুন্নকারী। জনসাধারণ ছেলে-মেয়েদের মাদ্রাসায় পাঠায় স্বীন শিক্ষার জন্য কিন্তু মাওলানা মোহাম্মদ সৈয়দ হোসাইন স্বীন শিক্ষা না দিয়ে ছাত্র-ছাত্রীদের অনৈতিক শিক্ষা দিচ্ছেন। তাই এসব বিবিধ অনিয়ম ও দুর্নীতির কারণে তার বিরুদ্ধে বিধি মোতাবেক দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা নেওয়ার কথা প্রতিবেদনে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায় তদন্ত কর্মকর্তার মতামত অনুযায়ী উক্ত মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে আনিত অভিযোগগুলি প্রমানিত হওয়ায় এবং অভিযোগ সমূহ গুরুতর বিধায় গুরুতর অভিযোগ প্রমানিত হওয়ায় কেন অধ্যক্ষের এমপিও বন্ধের সুপারিশ সহ বিভাগিও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হরে না তার জবাব পত্র প্রাপ্তির দশ (১০) কার্যদিবসের মধ্যে প্রেরনের জন্য নিম্নস্বাক্ষরকারী বরাবর জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২০.১১.২০২১


মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: [registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,  
মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট আলিম মাদ্রাসা,  
ডাকঘর: নাইক্ষ্যংছড়ি, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান;

  
১১/১১/২০২১

নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৯১০৩১৩২১/ ৬৭/২ /বান্দরবান-০৭

তারিখ: কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ  
১১ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বান্দরবান;
২. জেলা শিক্ষা অফিসার, বান্দরবান;
৩. উপজেলা নির্বাহী অফিসার, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান;
৪. সভাপতি, মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট আলিম মাদ্রাসা, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান;
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


  
১১/১১/২১

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)

  
১১/১১/২০২১